

স্বাক্ষর
কোম্পানি মফস AD-(৬)
২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ শাখা

স্মারক নং- ৩৮.০০৮.০১১.০০.০০.০০৬.২০১৩ (অংশ-২)/৪৬৭

পরিপত্র

রাজধানী ঢাকা সহ সারাদেশে ৬৩টি জেলায় ডেঙ্গু জ্বরের সংক্রমন ঘটেছে। এডিস মশার মাধ্যমে ডেঙ্গুর মশার হুমকি ছড়ায়। এডিস মশাই এই রোগের একমাত্র বাহক। আবহ স্বচ্ছ জলাশয়ে এ মশা বংশ বিস্তার করে। এই মশা সাধারণত দিনের বেলায়, বিশেষ করে ভোরে কিংবা শেষ বিকেলে কামড়ায়। ডেঙ্গু মশা বিস্তারের মৌসুম প্রধানত মে থেকে সেপ্টেম্বর পর্যন্ত এই পাঁচ মাস। ডেঙ্গু জ্বর প্রতিরোধের চেয়ে এডিস মশার বংশ বিস্তার রোধ করা এ রোগ প্রতিরোধের সর্বোত্তম পন্থা।

ডেঙ্গু প্রতিরোধে সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহ কর্মসূচী গ্রহণ করেছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এ কাজে প্রয়োজনীয় সহযোগিতা দিয়ে যাচ্ছে। গত ২৮ জুলাই হতে ঢাকার উভয় সিটি কর্পোরেশন এলাকায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষক, সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীরা গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন। এ প্রচেষ্টা সকল জেলায় সম্প্রসারিত করা প্রয়োজন। জনসচেতনতা সৃষ্টির মাধ্যমে এডিস মশার বংশ বিস্তার রোধ করার অংশ হিসাবে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, ছাত্র, অভিভাবক, উপজেলা ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা/কর্মচারী, উপজেলা রিসোর্স সেন্টারের প্রশিক্ষক, প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তাগণ এবং বিভাগীয় প্রাথমিক উপপরিচালকগণ তাদের বাসগৃহ, আশ্রিতা এবং বিদ্যালয় সমূহ পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম পরিচালনা করলে এবং অন্যদের উক্ত কাজে উৎসাহিত করলে ডেঙ্গু জ্বর প্রকোপ রোধ করা সম্ভব।

এ উদ্দেশ্যে সকল শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে মা সমাবেশ, অভিভাবক সমাবেশ, ছাত্র শিক্ষক মতবিনিয়ম, পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা, সচেতনতামূলক র্যালীর আয়োজন এবং স্বাস্থ্য ও স্থানীয় সরকারি প্রতিষ্ঠানের পরিচালিত মশার ঔষধ ছিটানোর কাজে সম্পৃক্ত হয়ে এ কাজ এগিয়ে নিলে কাঙ্ক্ষিত উদ্দেশ্য সফল হবে। এজন্য জেলা ও বিভাগীয় প্রাথমিক শিক্ষা কর্মকর্তা-কর্মচারী, পিটিআই এর প্রশিক্ষক ও কর্মকর্তা-কর্মচারী ও ইউআরসি ইন্সট্রাকটর ও কর্মকর্তা-কর্মচারী, প্রাথমিক বিদ্যালয়ের সকল প্রধান শিক্ষক/সহকারী শিক্ষকগণ তাদের ছাত্র-ছাত্রী ও অভিভাবকগণকে সাথে নিয়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা এবং কেউ ইতোমধ্যে ডেঙ্গু জ্বরে আক্রান্ত হলে তাকে চিকিৎসা সেবা নিতে সহায়তা করতেও অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/

(মো: আকরাম-আল-হোসেন)

সচিব

তারিখঃ ২০ শ্রাবণ ১৪২৬
০৪ আগস্ট ২০১৯

২০২০
২৭-৬-১৩

স্মারক নং- ৩৮.০০৮.০১১.০০.০০.০০৬.২০১৩ (অংশ-২)/৪৬৭

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৬. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭. জেলা প্রশাসক (সকল)
৮. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১০. উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১১. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)
১২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১৩. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
১৪. জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
১৬. পিটিআই সুপার (সকল)
১৭. উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা (সকল)
১৮. অফিস কপি।

(মো: আব্দুল হক রহমান)
যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

স্মারক নং- ৩৮.০০৮.০০০০.৩০১.১৮.২৪৫.১৪- ৮০৩

তারিখঃ ২৪ ভাদ্র ১৪২৬
২৭ আগস্ট ২০১৯

পত্রের মর্মান্বয়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ/ পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিবু, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উশিবু, ঢাকা।
(প্রধান কার্যালয় ও উপজেলা কার্যালয়ের সকল কর্মকর্তাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)
- ৩। সিস্টেম এনালিস্ট, উশিবু, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপ পরিচালক (সকল), উশিবু, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক (সকল), উশিবু/ জেউশিবু।
- ৬। লাইব্রেরিয়ান/ স্টোর অফিসার, উশিবু, ঢাকা।
- ৭। অফিস কপি।

(মো: রিপন কবীর লস্কর)

উপ পরিচালক(প্রশাসন)

ফোন : ৯৮৯২৭৩৯